রেজিস্ট্রার কার্যালয়
পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
দুমকি, পটুয়াখালী-৮৬৬০, বাংলাদেশ

Office of the Registrar
Patuakhali Science and Technology University
Dumki, Patuakhali-8660, Bangladesh

স্মারক নং-পবিপ্রবি/প্রশা-১১৯/ন-০৮(অংশ-১)/২৬/৩০৫৭

তারিখ: ২৫.১১.২০২৬ খ্রি.

নিয়োগ বিজ্ঞপ্তি

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদসমূহে নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) ও শর্ত অনুসারে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

ক্র. নং.	অনুষদের নাম	বিভাগের নাম	পদের নাম, পদসংখ্যা, বেতন স্কেল ও গ্রেড
১.	কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং	কম্পিউটার সায়েন্স এন্ড ইনফরমেশন টেকনোলজি	প্রভাষক-০৩ (৪৪০০০-১০৫৯০০/-) (গ্রেড-৯)
		ফিজিক্স এন্ড মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং	প্রভাষক-০১ (৪৪০০০-১০৫৯০০/-) (গ্রেড-৯)
২.	ইঞ্জিনিয়ারিং	ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং	প্রভাষক-০১ (৪৪০০০-১০৫৯০০/-) (গ্রেড-৯)
৩.	কৃষি	কীটতত্ত্ব বিভাগ	প্রভাষক-০৩ (৪৪০০০-১০৫৯০০/-) (গ্রেড-৯)
		কৃষি বনায়ন বিভাগ	প্রভাষক-০১ (৪৪০০০-১০৫৯০০/-) (গ্রেড-৯)
৪.	এনভায়রনমেন্টাল সায়েন্স এন্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট	এনভায়রনমেন্টাল সায়েন্স	প্রভাষক-০১ (৪৪০০০-১০৫৯০০/-) (গ্রেড-৯)
৫.	নিউট্রিশন এন্ড ফুড সায়েন্স	ফুড মাইক্রোবায়োলজি এন্ড সেফটি	প্রভাষক-০১ (৪৪০০০-১০৫৯০০/-) (গ্রেড-৯)
		এনভায়রনমেন্টাল হেল্‌থ এন্ড স্যানিটেশন	প্রভাষক-০১ (৪৪০০০-১০৫৯০০/-) (গ্রেড-৯)
৬.	এ্যানিমাল সায়েন্স এন্ড ভেটেরিনারি মেডিসিন	ডেইরি সায়েন্স	প্রভাষক-০১ (৪৪০০০-১০৫৯০০/-) (গ্রেড-৯)
		এনাটমি এন্ড হিস্টোলজি	প্রভাষক-০২ (সহকারী অধ্যাপকের বিপরীতে) (৪৪০০০-১০৫৯০০/-) (গ্রেড-৯)
		এ্যানিমাল প্রডাক্টস এন্ড বাই-প্রডাক্টস টেকনোলজি	প্রভাষক-০১ (সহকারী অধ্যাপকের বিপরীতে) (৪৪০০০-১০৫৯০০/-) (গ্রেড-৯)
৭.	ফিশারিজ	মেরিন ফিশারিজ	প্রভাষক-০১ (সহকারী অধ্যাপকের বিপরীতে) (৪৪০০০-১০৫৯০০/-) (গ্রেড-৯)
৮.	ব্যবসায় প্রশাসন	একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস	প্রভাষক-০১ (সহকারী অধ্যাপকের বিপরীতে) (৪৪০০০-১০৫৯০০/-) (গ্রেড-৯)

উপরোক্ত পদসমূহে আবেদন করার প্রয়োজনীয় ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা, শর্তাবলি ও যাবতীয় তথ্যাদি পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (https://pstu.ac.bd/pstu-forms) থেকে সংগ্রহ করা যাবে।

ক) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা:

১. প্রার্থীকে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে সংশ্লিষ্ট অনুষদ/বিভাগ/বিষয়ে ৪ (চার)/৫ (পাঁচ) বছর মেয়াদী স্নাতক/স্নাতক (সম্মান) এবং স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে।

২. সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক/স্নাতক (সম্মান) ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় প্রথম শ্রেণি থাকতে হবে অথবা সিজিপিএ ৪.০০ এর মধ্যে উভয় ক্ষেত্রে ন্যূনতম সিজিপিএ ৩.৬০ থাকতে হবে।

৩. এসএসসি ও এইচএসসি উভয় পরীক্ষায় প্রথম বিভাগ অথবা মোট জিপিএ ১০.০০ (৫.০০+৫.০০) এর মধ্যে কমপক্ষে মোট জিপিএ ৯.০০ থাকতে হবে।

৪. পরীক্ষার ফলাফল সিজিপিএ/জিপিএ আকারে না হয়ে যদি প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রকাশিত হয়, স্নাতক/স্নাতকোত্তর এর ক্ষেত্রে ৭০% এবং তদূর্ধ্ব নম্বরধারী প্রার্থী প্রভাষক পদে আবেদনের যোগ্য বলে বিবেচিত হবে।

৫. সংশ্লিষ্ট বিষয়ে ৪ (চার)/৫ (পাঁচ) বছর মেয়াদী স্নাতক/স্নাতক (সম্মান) পরীক্ষায় স্ব স্ব বিশ্ববিদ্যালয়ের ব্যাচভিত্তিক শীর্ষ ৭% (শতকরা সাত ভাগ) ছাত্র-ছাত্রী প্রভাষক পদে আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবে।

৬. যে সকল বিশ্ববিদ্যালয়/অনুষদ/বিভাগের ছাত্র-ছাত্রীদের ট্রান্সক্রিপ্টে মেধাস্থান উল্লেখ করা হয় না, সে সকল প্রার্থীর ক্ষেত্রে প্রভাষক পদে আবেদনের জন্য স্ব স্ব বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক /বিভাগীয় প্রধান/অনুষদীয় ডিন কর্তৃক মেধাস্থান উল্লেখপূর্বক প্রত্যয়নপত্র আবেদনের সাথে জমা দিতে হবে।

৭. প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৩২ (বত্রিশ) বছর।

খ) অন্যান্য শর্তাবলি:

১. আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে প্রতিটি পদের জন্য ১০ (দশ) সেট দরখাস্ত রেজিস্ট্রার, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দুমকি, পটুয়াখালী-৮৬৬০ বরাবরে আগামী ১০.১২.২০২৬ খ্রি. তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখের পর সরাসরি/ডাকযোগে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না। আবেদনপত্র পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.pstu.ac.bd/pstu-forms) থেকে সংগ্রহ করতে হবে।

২. প্রার্থীকে আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত সনদপত্রের অনুলিপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/কর্মকর্তা দ্বারা সত্যায়িত) সংযুক্ত করতে হবেঃ -

(ক) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, অভিজ্ঞতা (যদি থাকে), প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র;

(খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

(গ) নিজ নিজ এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর এর নিকট হতে নাগরিকত্ব সনদপত্র ও জাতীয় পরিচয়পত্র;

(ঘ) সদ্যতোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত ছবি।

(ঙ) গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং যথাক্রমে শিম/শাঃ১১/৫-১ (অংশ)/৫৮২ এবং শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম ও ২য় বিভাগ/শ্রেণি নিম্নরূপে নির্ধারিত হবেঃ

(১) এস.এস.সি বা সমমান এবং এইচ.এস.সি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে-

জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব	প্রথম বিভাগ
জিপিএ ২.০০ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম	দ্বিতীয় বিভাগ

(২) সমতাকৃত সিজিপিএ/জিপিএ= অর্জিত শতকরা নম্বর x সিজিপিএ স্কেল (৪.০০/৫.০০)/ (জিপিএ স্কেল ৪.০০/৫.০০) / ৮০ (জিপিএ স্কেল ৪.০০/৫.০০=৮০%)

(৩) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে-

অর্জিত সিজিপিএ		সমতুল্য শ্রেণি/বিভাগ
৪.০০ পয়েন্ট স্কেলে	**৫.০০ পয়েন্ট স্কেলে**	
৩.০০ বা তদূর্ধ্ব	৩.৭৫ বা তদূর্ধ্ব	প্রথম বিভাগ/শ্রেণি
২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম	২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম	দ্বিতীয় বিভাগ/শ্রেণি

৩. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে কোন তৃতীয় শ্রেণী/বিভাগ বা ইহার সমতুল্য জিপিএ গ্রহণযোগ্য হবে না।

৪. আবেদনপত্রে অর্জিত সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে। কোন শিক্ষাগত যোগ্যতা গোপন করলে চাকুরী প্রাপ্তির পর তা গ্রহণযোগ্য হবেনা।

৫. চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অবশ্যই আবেদনপত্র প্রেরণ করতে হবে।

৬. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। দ্বৈত নাগরিকত্ব গ্রহণযোগ্য নয়। বিদেশে স্থায়ীভাবে বসবাসরত/বসবাসের অনুমতিপ্রাপ্ত ব্যক্তিও বিবেচিত হবেন না।

৭. মুক্তিযোদ্ধা/প্রতিবন্ধী/উপজাতি/নারী ইত্যাদি কোটাভূক্ত প্রার্থীদের ক্ষেত্রে সরকারি নীতিমালা প্রযোজ্য এবং যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত সনদপত্রের অনুলিপি সংযুক্ত করতে হবে।

৮. আবেদনপত্রের সাথে 'রেজিস্ট্রার, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দুমকি, পটুয়াখালী' শিরোনামে রূপালী ব্যাংক, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখার অনুকূলে (রূপালী ব্যাংকের যে কোন শাখা হতে) জাতীয় বেতন স্কেল ২০২৬ এর গ্রেড ৯ এর জন্য আবেদন ফরমের মূল্যসহ সর্বমোট ৯০০/- (নয়শত) টাকা (অফেরতযোগ্য) মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে।

৯. প্রার্থীকে আবেদনকৃত পদের নাম ও বিভাগ খামের উপর স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

১০. প্রযোজ্য ক্ষেত্রে লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষার ভিত্তিতে বাছাই প্রক্রিয়া সম্পন্ন করা হবে। নিয়োগ পরীক্ষা/সাক্ষাৎকার গ্রহণের জন্য প্রার্থীকে কোনো টিএ/ডিএ প্রদান করা হবে না।

১১. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১২. কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদের ইন্টারভিউ কার্ড ইস্যু করা হবে। দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত প্রদান করা হবে না।

১৩. অভিজ্ঞতার ক্ষেত্রে প্রার্থীর কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের চাকুরীর অভিজ্ঞতা বিবেচ্য হিসেবে গন্য হবে।

১৪. অত্র বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন পদে নিয়োগের ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ে কর্মরত/অধিকতর যোগ্যতাসম্পন্ন বিভাগীয় প্রার্থীরা অগ্রাধিকার পাবেন এবং সেক্ষেত্রে সংশ্লিষ্ট পদের জন্য নির্ধারিত বয়সসীমা শিথিলযোগ্য। কর্মরত প্রার্থীরা এই শিথিলতার সুযোগ একবারের বেশি প্রাপ্য হবেন না। প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১৫. আবেদনকালে প্রার্থীকে অবশ্যই ডিগ্রিপাপ্ত হতে হবে, অর্থাৎ পরীক্ষার ফল প্রকাশ অপেক্ষমান থাকাকালে আবেদন গ্রহণযোগ্য হবে না।

১৬. অনলাইন ও দূরশিক্ষনের মাধ্যমে ডিগ্রিপ্রাপ্ত প্রার্থীকে কোনো বিভাগে শিক্ষক নিয়োগের জন্য বিবেচনা করা হবে না।

১৭. প্রার্থীদের নিজ ঠিকানা সম্বলিত ২২/- (বাইশ) টাকার ডাক টিকেটসহ একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে।

১৮. নিয়োগ সংক্রান্ত যে কোন তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

১৯. নিয়োগের জন্য প্রার্থীদের চূড়ান্ত বাছাইয়ের পূর্বে ডোপ টেষ্টে উত্তীর্ন হতে হবে।

২০. যে কোনো পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগের সকল ক্ষেত্রে/বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।

২৫/১১/২০২৫

(প্রফেসর মোহাম্মদ জামাল হোসেন)
রেজিস্ট্রার (অ. দা.)
পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
দুমকি, পটুয়াখালী-৮৬৬০
মোবাইল: ০১৭৩৩-০৯৪ ৭৭৭